দৈনিক ইত্তেফাক

তারিখ 14 JAN 1989
পৃষ্ঠা 7 কলাম 6

14

# ঝড়ে বিধ্বস্ত মীর্জাগঞ্জের শিক্ষা প্রতিষ্ঠানগুলি মেরামত না করায়—

মীর্জাগঞ্জ (পটুয়াখালী), ১১ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)— গত ২৯শে নভেম্বরের ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত মীর্জাগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান আজও পুনঃনির্মাণের ব্যবস্থা করা হয় নাই। ফলে ঐ সকল শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে।

ঝড়ে উপজেলার ২৫টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৮টি বেসরকারী মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় এবং ৩১টি মাদ্রাসা বিধ্বস্ত হয়। ঝড়ে বিধ্বস্ত শিক্ষা-প্রতিষ্ঠানগুলি আজও সংস্কার করা হয় নাই। ফলে এই সকল শিক্ষা-প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া ব্যাহত হইতেছে। কোন কোন শিক্ষাপ্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষার তারিখ পিছাইয়া দেওয়া হইয়াছে। আবার ছাপড়া তুলিয়া অথবা খোলা আকাশের নীচে কোন কোন শিক্ষা-প্রতিষ্ঠানে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করা হয়।